দৈনিক বাংলা

তারিখ 13 FEB 1988
পৃষ্ঠা ... কলাম 6

021

# কৃষি ভার্সিটি বন্ধ ঘোষণাঃ ছাত্র সংঘর্ষে আহত ২০

(নিজস্ব সংবাদদাতা)

**ময়মনসিংহ, ১২ই ফেব্রুয়ারী।**—ছাত্র সংঘর্ষের জের হিসেবে আজ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট আজ বিকেলে এক জরুরী সভায় মিলিত হয়ে এ সিদ্ধান্ত নেয়।

ঘটনার বিবরণে প্রকাশ বৃহস্পতিবার বিকালে ইসলামী ছাত্র শিবির বিশ্ববিদ্যালয়ে একটি শোভাযাত্রা বের করে। তারা ছাত্র সংগ্রাম পরিষদের বিরুদ্ধে বিভিন্ন শ্লোগান দেয়। এতে সংগ্রাম পরিষদের কর্মীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পরে. এক পর্যায়ে উভয় দলের মধ্যে ধাওয়া ও পাল্টা ধাওয়া এবং ককটেল বিস্ফোরণ ঘটে। রাত আটটা পর্যন্ত এতে ৪ জন সংগ্রাম পরিষদ কর্মী আহত হন। ছাত্র শিবির কর্মিগণ কৃষি বিশ্ববিদ্যালয়ের সোহরাওয়ার্দী হলে অবস্থান গ্রহণ করে। রাত সাড়ে দশটায় সংগ্রাম পরিষদ সোহরাওয়াদী হল ঘেরাও করতে গেলে হলে অবস্থানরত শিবির কর্মীদের সঙ্গে প্রচন্ড সংঘর্ষ ঘটে। রাত সাড়ে ১১টা

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## কৃষি ভার্সিটি

(১ম পৃঃ পর)

পর্যন্ত এ সংঘর্ষ চলে। এতে সংগ্রাম পরিষদের ৩ জন এবং ছাত্র শিবিরের একজন ছাত্র গুলিবিদ্ধ হয়। রাত ১২টার দিকে পুলিশ ক্যাম্পাসে প্রবেশ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

আজ সকালে পুনরায় প্রতিদ্বন্দ্বী দলের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষ হয়। সংঘর্ষের এক পর্যায়ে ছাত্র শিবির কর্মিগণ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ত্যাগ করে আশপাশের গ্রামগুলোতে অবস্থান নেয়। সংঘর্ষে গুলিতে এবং বোমার আঘাতে প্রায় ২০ জন ছাত্র আহত হয়। ৮ জন ছাত্রকে ময়মনসিংহ মেডিক্যাল কলেজে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়। বাবুল (২৪) নামে গুলিবিদ্ধ একজন ছাত্রকে মারাত্মক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরী সভায় আজকের পরিস্থিতি পর্যালোচনা করে অনির্দিষ্টকালের জন্য কৃষি বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছে। ছাত্রছাত্রীদের আজ রাত ৯টার মধ্যে হল ছাড়তে নির্দেশ দেয়া হয়েছে।

এদিকে ছাত্র সংগ্রাম পরিষদ আকস্মিকভাবে বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ায় ক্ষোভ প্রকাশ করেছে। এবং অনতিবিলম্বে ছাত্রছাত্রীদের হল ত্যাগের নির্দেশ প্রত্যাহারের দাবী জানিয়েছে।

আজ রাত ৯টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সভা চলছিল এবং ছাত্ররা বিশ্ববিদ্যালয় বন্ধের আদেশ প্রত্যাহারের জন্য সিন্ডিকেটের সভা ঘেরাও দিয়ে রেখেছে।

**খালেদা জিয়ার উদ্বেগ**

বিএনপি চেয়ারম্যান ও সাত দলীয় জোটনেত্রী বেগম খালেদা জিয়া কৃষি বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার খবরে উদ্বেগ প্রকাশ করেছেন।

গতকাল এক বিবৃতিতে তিনি অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দিয়ে ছাত্র-ছাত্রীদের স্বাভাবিক লেখাপড়ার পরিবেশ বজায় রাখার দাবী জানান।